## ফুটওয়্যার শিল্পের বন্ডেড ওয়্যার হাউস পরিচালনার ক্ষেত্রে কি ধরনের নীতিমালা অনুসরণ করা হয়?

ফুটওয়্যার শিল্পের বন্ডেড ওয়্যার হাউস পরিচালনার ক্ষেত্রে যে সমস্ত নীতিমালা অনুসরণ করা হয়ে থাকে নিম্নে তার বিবরণ দেয়া হলো :-

শতভাগ রপ্তানিমুখী চামড়া ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানের কার্যক্রম একজন শুল্ক কর্মকর্তার সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত হয়ে আসছে। এ ধরনের বন্ডেড প্রতিষ্ঠান সমূহ সুপারভাইজড বন্ড হিসাবে পরিচিত এবং বন্ডেড ওয়্যার হাউসের আমদানি-রপ্তানি কার্যক্রম, হিসাব সংরক্ষণ ও মনিটরিং বা নিয়ন্ত্রণ পদ্ধতি সম্পর্কিত নির্দেশনাবলী সম্বলিত কাস্টমস বন্ড কমিশনারেটের একটি আদেশ জারী আছে। আদেশটির পত্র নথি নং- ৫(১৩)১৯/বন্ড-কমিঃ (সদর)অফিস আদেশ/০২/৩৫৫৭ তারিখ: ০২/০৪/২০০৩ এর মাধ্যমে জারীকৃত। আদেশানুযায়ী কার্যাবলী নিম্নরূপঃ-

- লাইসেন্স গ্রহণ ও নবায়নের সময় বন্ডারকে উক্ত আইনের ৮৬ ধারার আলোকে যথাযথ বন্ড সম্পাদন করতে হবে।
- উল্লেখিত আদেশের অধীনে পরিচালিত প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাঁচামাল আমদানি ও ব্যবহারে কোন ইউটিলাইজেশন পারমিশনের প্রয়োজন হবে না;
- প্রজ্ঞাপন নং- ১৫৩-আইন/৯৩/১৫২০/শুল্ক তারিখ: ০৩/০৮/৯৩ এর বিধি ৪(খ) এর আলোকে প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংক বৈদেশিক মুদ্রায় আমদানি রপ্তানি লেনদেনের জন্য বৈদেশিক মুদ্রায় একাউন্ট খোলা হয়েছে মর্মে প্রত্যয়ন পত্র এই কমিশনারেটের বন্ড শাখায় দাখিল করতে হবে;
- এই আদেশের অধীনে কার্যক্রম পরিচালনার জন্য একজন বন্ড অফিসার নিয়োগের জন্য বন্ড কমিশনারেটে আবেদন করতে হবে। দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ২০০ এর বিধান অনুযায়ী শুল্ক অফিসারের সার্ভিস গ্রহণের জন্য কমিশনার কর্তৃক নির্ধারিত সার্ভিস চার্জের টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা করে মূল চালানের কপি বন্ড শাখায় জমা প্রদান করতে হবে;
- দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ৯৮, ১০০ ও ১০১ এর আওতায় নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ডিউটি বন্ড ও রিস্ক বন্ডের মাধ্যমে পণ্য ছাড় করে ইন্টুবন্ড করতঃ প্রস্তুতকৃত পণ্য রপ্তানির পর বৈদেশিক মুদ্রা আহরণ নিশ্চিত না হওয়া পর্যন্ত আমদানিকৃত কাঁচামালের বিপরীতে শুল্ক করাদির সম্পূর্ণ দায়-দায়িত্ব বন্ডারকে বহন করতে হবে;
- আমদানি রপ্তানির প্রত্যেকটি চালানের তথ্যাদি বন্ডারের মূল পাশ বইয়ে আমদানি রপ্তানি পয়েন্টে দায়ীত্ব প্রাপ্ত কর্মকর্তাদের (পি/এ, সুপার/এক্সেইজার, পরিদর্শক) দ্বারা প্রতিস্বাক্ষর নিশ্চিত করবেন;
- বন্ডার বন্ড রেজিস্টার হিসাব সংরক্ষন করবেন। প্রতি তিন মাস অন্তর পরবর্তী মাসের ১৫ (পনের) দিনের মধ্যে একটি হিসাব বিবরণী প্রস্তুত করে দুই কপি বন্ড অফিসারের নিকট এক কপি সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক এবং এক কপি বন্ডারের কপি হিসাবে বন্ডারের অফিসে সংরক্ষন করবে। এ ছাড়া বন্ডার তাদের দৈনন্দিন কাঁচামাল ব্যবহার, উৎপাদন ইত্যাদি বিষয়ে নিজস্ব পদ্ধতি হিসাব সংরক্ষন করবে এবং উক্তরূপ হিসাব সমূহ প্রয়োজনে এই অনুচ্ছেদে বর্ণিত রেজিস্টারের সাথে মিলাইয়া দেখার জন্য বন্ড অফিসার বা অন্য কোন উর্ধ্বতন অফিসারের চাহিদা মোতাবেক বন্ড গুদামে পরিদর্শন করেবেন;
- আমদানি পয়েন্টের শুল্ক কর্তৃপক্ষ ইন্টুবন্ড বিল অব এন্ট্রির কপি সরাসরি সংশ্লিষ্ট ইউনিটের ভারপ্রাপ্ত বন্ড অফিসারের নিকট রেজিস্টার ডাকযোগে প্রেরণ করিবেন এবং বন্ড অফিসার উক্তমূল্যে প্রাপ্ত ইন্টুবন্ড

অপর পৃষ্ঠায় দেখুন

পূর্ববর্তী পৃষ্ঠার পর

বিল অব এন্ট্রির অনুকূলে কাঁচামাল ইন্টুবন্ড হওয়ার সাথে সাথে আমদানি পয়েন্টের এসি, ডিসি (বন্ড)কে রেজিস্টার্ড ডাকযোগে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন;

- বন্ডার আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পণ্য রপ্তানির উদ্দেশ্যে কারখানা হতে নিষ্ক্রান্ত হওয়ার পূর্বে সংলাগ 'খ' মোতাবেক অনুমতি প্রদানের জন্য আবেদন করবেন। বন্ড অফিসার, আবেদন ও উহার সহিত পেশকৃত দলিলাদি পরীক্ষা নিরীক্ষা করে সঠিক পেলে রপ্তানির জন্য কারখানা হতে, বের করার অনুমতি প্রদান করবেন। উক্ত আদেশের ১ম কপি বন্ডারকে দিবেন এবং ২য় কপি নথিতে সংরক্ষণ করবেন;
- রপ্তানির ২০ (বিশ) দিনের মধ্যে রপ্তানি সংশ্লিষ্ট সম্পূর্ণ দলিলাদি বন্ড অফিসারের নিকট পেশ করবেন এবং ১২০ দিনের মধ্যে প্রত্যেকটি রপ্তানি চালানের বিপরীতে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসিত হয়েছে মর্মে লিয়েন ব্যাংকের সনদপত্র পেশ করতে হবে;
- কোন বিশেষ ক্ষেত্রে বিক্রয়যোগ্য ওয়েস্ট ম্যাটেরিয়েল স্থানীয় বাজারে বিক্রয় করতে চাইলে কমিশনারের অনুমতিক্রমে পণ্যের উপর আরোপনীয় শুল্ক করাদি পরিশোধ করার অনুমোদন দিবেন বা বিনষ্ট করতে চাইলে কমিশনারের পূর্বানুমতিক্রমে কমিশনারের মনোনীত কর্মকর্তার উপস্থিতিতে বিনষ্টকরণ কাজ সম্পন্ন করবেন;
- বন্ড অফিসার আমদানি-রপ্তানি বিবরণ বন্ড রেজিস্টারে লিপিবদ্ধ করবেন। বন্ড অফিসার বদলী হইলে তাঁর উত্তরসুরীর নিকট বন্ড রেজিস্টার ও নথি ইত্যাদি উল্লেখপূর্বক চার্জ রিপোর্টে উভয় অফিসার স্বাক্ষর করবেন;
- এতদব্যতীত কোন বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে এই কমিশনারেটের উর্ধ্বতন কর্মকর্তার সহিত তাৎক্ষনিকভাবে বন্ডার অথবা বন্ড অফিসার যোগাযোগ করে উহা নিষ্পত্তি করতে পারবেন;

এই আদেশের কোন বিষয় বাদ পড়লে, কোন প্রকার অসঙ্গতি পরিলক্ষিত হলে সেই ক্ষেত্রে উপযুক্ত শুল্ক আইন ও প্রজ্ঞাপনের শর্তাদি ধর্তব্য ও প্রতিপালনীয় বলে গণ্য হবে। এই আদেশের পরিবর্তন/পরিবর্ধন করতঃ সময়োপযোগী সম্পূরক বা নতুন আদেশ যে কোন সময় জারীর করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

এছাড়াও পাদুকা বা চামড়া শিল্পের বন্ডিং কার্যক্রম সুচারুভাবে অব্যাহত রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সমিতি Leathergoods and Footware Manufactures & Exporters Association of Bangladesh (LFMEAB) এর সাথে জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত ১৭/০৫/২০০৩ তারিখের আলোচনা সভার কিছু সিদ্ধান্ত অনুসরণ করা হয়। উক্ত সভার কার্য বিবরণীটি জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং- ১(২৮) শুল্কঃ রপ্তানি ও বন্ড/৯৪ (অংশ-১) ৪৫৮ তারিখ: ২৬/০৬/২০০৩ এর মাধ্যমে প্রচরিত।

পাদুকা শিল্পে ব্যবহারযোগ্য কাঁচামাল হিসাবে কিছু পণ্য বন্ড লাইসেন্সে অন্তর্ভুক্ত আছে। যেমন সুলাষ্ট, কাটিং নাইফ, মোল্ড, কাটিং বোর্ড, পাঞ্চ ফর কার্টিং নাইফ এগুলোকে উপকরণ বহির্ভূত পণ্য হিসাবে বন্ড কমিশনারেট হতে বন্ড লাইসেন্সের ব্যবহৃত কাঁচামাল তালিকা হতে প্রত্যাহার করা হয়েছিল। এ অবস্থার প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড, সমিতির আবেদনের প্রেক্ষিতে নিম্নলিখিত শর্তে এ সকল পণ্য বন্ড লাইসেন্সে কাঁচামাল হিসাবে পুনঃঅন্তর্ভুক্ত করার অনুমতি প্রদান করেন। (জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং- ১১/২০১১ তারিখ: ১৬/০৫/২০১১) ঃ-

(ক) বন্ড সুবিধার আওতায় সিডিউলে বর্ণিত আমদানিকৃত যে সকল পণ্য/সহায়ক উপাদান পরিত্যক্ত হবে বন্ডার প্রতি ছয় মাস পরপর তার একটি তালিকা বন্ড কমিশনারেটে প্রদান করবেন;

বন্ড কমিশনারেট বিধি মোতাবেক উক্তরূপ উল্লেখিত পণ্য নিলাম বা ধ্বংস করার ব্যবস্থা গ্রহণ করবেন।

(খ) পাদুকা শিল্প প্রত্যয়ন পণ্য উৎপাদনে নিজস্ব সমিতি কর্তৃক প্রণীত Co-efficent অনুসরণ করছে। তবে তাদেরকে ডেডো থেকে Co-efficent ইস্যু করিয়ে নেয়ার জন্য তাগিদ দেয়া হচ্ছে।